

২০২৪

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-8

(বাংলা সমালোচনা সাহিত্য ও প্রবন্ধ)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$
- ক) রোমান্টিক রচনা কাকে বলে?
- খ) চন্দ্রশেখর, প্রতাপ, শৈবলিনী চরিত্রের সঙ্গে কোন্ কবির, কোন্ কাব্যের সাদৃশ্য আছে বলে মনে করেন মোহিতলাল মজুমদার?
- গ) কোন্ শতকে বঙ্কিমচন্দ্র নব্যবাবু সম্পর্কে কী ধরনের উক্তি করেছিলেন?
- ঘ) বাঙালির আত্মপরিচয়ের প্রতীকরূপে কোন্ দিনটিকে মনে করেন প্রাবন্ধিক আনিসুজ্জামান?
- ঙ) কলকাতা থেকে পাওয়া প্রতিটি চিঠিতে কিসের উল্লেখ থাকে?

(পরের পাতায়)

- চ) ১৯২০ সাল থেকে নীরদ সি চৌধুরীর বাঙালি সমাজ ও সংস্কৃতি সম্পর্কে কোন্ কথা মনে আসে?
- ছ) ‘কালান্তরে’র প্রবন্ধগুলো কত সাল থেকে কত সালের মধ্যে লেখা?
- জ) ‘বড় পিরিতি বালির বাঁধ’ লেখাটি কার? কত সালে লেখাটি প্রকাশিত?
- ঝ) বোধোদয়ের পূর্বে বাঙালি সমাজ প্রথম কার গল্প পড়ে? গল্পটি কার লেখা?
- ঞ) লেখক লাইব্রেরির সঙ্গে কিসের তুলনা করেছেন? লাইব্রেরির মধ্যে কিসের বন্যা-কে ধরে রাখা হয়েছে?
- ট) ‘নরনারী’ প্রবন্ধের চরিত্রগুলির নাম উল্লেখ করো।
- ঠ) “স্বীলোকের কার্যের পরিসর সংকীর্ণ” — কথাটি কে কোথায় বলেছে?
- ড) ‘সাহিত্য’ শব্দের তাৎপর্য কী?
- ঢ) ‘অনুভূতির ভাষা’ বলতে প্রাবন্ধিক কী বুঝিয়েছেন একটি বাক্যে লেখো।
- ণ) “রোহিণীর মৃত্যুর ধরন আছে বলেই তার মরণ মরণ নয়” — উদ্ধৃত অংশটি কোন্ প্রবন্ধের অন্তর্গত? প্রাবন্ধিকের নাম লেখো।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) “সেই থেকে রবীন্দ্রনাথের সঙ্গে আমাদের সহযাত্রার শুরু” — খুব সংক্ষেপে যাত্রাপথের বিবরণটি নিজের ভাষায় লেখো।

- খ) ‘বাঙালির আত্মপরিচয়’ প্রবন্ধে বাংলা ও বাঙালি সম্পর্কে বঙ্কিমচন্দ্রের প্রসঙ্গ অবতারণার তাৎপর্যটি নিজের ভাষায় সংক্ষেপে লেখো।
- গ) বাঙালি সমাজের অবনতি বা ভাঙনের কথা বলতে গিয়ে বাঙালি ভদ্রলোকের যে পরিচয় তুলে ধরেছেন তা লেখো।
- ঘ) “সেখানে তিনি কেবলমাত্র প্রভু নহেন, তিনি দেবতা” — কোথায়, কোন্ প্রসঙ্গে কে এই উক্তি করেছে? আলোচনা করো।
- ঙ) “বাঙালি-কণ্ঠের সহিত মিলিয়া বিশ্বসংগীত মধুরতর হইয়া উঠিবে”। — কীভাবে? বিষয়টি সুস্পষ্ট করে নিজের ভাষায় লেখো।
- চ) ভাষার মধ্যে ভাষাভীতকে প্রতিষ্ঠিত কীভাবে করা যায়? —এ প্রসঙ্গে প্রাবন্ধিক রবীন্দ্রনাথ ঠাকুরের ব্যাখ্যাটি লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) ‘মৃত্যুকে অবলম্বন করে মানুষটির সমাপ্তি আসে — কিন্তু চরিত্র লাভ করে আর এক গুণ বেশি জীবনীশক্তি।....’ — মন্তব্যটি সপ্রসঙ্গ বিশ্লেষণ করো।
- খ) “বঙ্গসাহিত্যে পুরুষ মহাদেবের ন্যায় নিশ্চলভাবে ধূলিশয়ান এবং রমণী তাহার বক্ষের উপর জাগ্রত জীবন্তভাবে বিরাজমান” — এর কারণ কী? এই মন্তব্যের যথার্থতা তোমার ভাষায় প্রবন্ধটির আলোকে লেখো।

- গ) আধুনিক বাংলা সাহিত্যে রোমান্টিসিজ্‌মের গতি-প্রকৃতি
সম্পর্কে মোহিতলাল মজুমদারের ধারণাটি পাঠ্য প্রবন্ধ
অবলম্বনে বিশ্লেষণ করো।
- ঘ) 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে সাহিত্য সম্পর্কে প্রাবন্ধিকের
ধারণাটি ব্যাখ্যা করো।
-